

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অর্থ মন্ত্রণালয়

অভ্যন্তরীণ সম্পদ বিভাগ

(আয়কর)

প্রজ্ঞাপন

তারিখ: ২৮ জ্যৈষ্ঠ ১৪২৫ বঙ্গাব্দ/১১ জুন ২০১৮ খ্রিস্টাব্দ

এস.আর.ও নং ১৮৪-আইন/আয়কর/২০১৮ |—Income-tax Ordinance, 1984 (Ordinance No. XXXVI of 1984), অতঃপর উক্ত Ordinance বলিয়া উল্লিখিত, এর section 44 এর sub-section (4) এর clause (b) তে প্রদত্ত ক্ষমতাবলে সরকার, নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে, ৫ (পাঁচ) বৎসরের জন্য, “গণস্বাস্থ্য কেন্দ্র” এর দান ও অনুদান হিসাবে প্রাপ্ত আয়কে, এবং উক্ত কেন্দ্রকে কোন ব্যক্তি বা প্রতিষ্ঠান কর্তৃক প্রদত্ত দান বা অনুদানকে উক্ত ব্যক্তি বা প্রতিষ্ঠানের অনুকূলে, উক্ত Ordinance এর অধীন আরোপনীয় আয়কর প্রদান হইতে এতদ্বারা অব্যাহতি (exemption) প্রদান করিল, যথা:—

শর্তসমূহ :

- (ক) গণস্বাস্থ্য কেন্দ্রকে এই প্রজ্ঞাপনের সহিত সংশ্লিষ্ট আয়কে কেবল “গণস্বাস্থ্য নগর হাসপাতাল”, “গণস্বাস্থ্য ডায়ালাইসিস সেন্টার” এবং “গণস্বাস্থ্য ক্যাল্পার হাসপাতাল” এ স্বাস্থ্য সেবা প্রদানের কাজে ব্যয় করিতে হইবে;
- (খ) গণস্বাস্থ্য কেন্দ্রের কোনো অঙ্গ প্রতিষ্ঠানের ক্ষেত্রে এই অব্যাহতি সুবিধা প্রযোজ্য হইবে না; এবং
- (গ) গণস্বাস্থ্য কেন্দ্র এবং এই অব্যাহতির সঙ্গে সংশ্লিষ্ট “গণস্বাস্থ্য নগর হাসপাতাল”, “গণস্বাস্থ্য ডায়ালাইসিস সেন্টার” ও “গণস্বাস্থ্য ক্যাল্পার হাসপাতাল” কে উক্ত Ordinance এর section 75 এ নির্ধারিত সময়ের মধ্যে নিরীক্ষা বিবরণীসহ আয়কর রিটার্ন দাখিল করিতে হইবে।

২। এই প্রজ্ঞাপন জারির তারিখ হইতে কার্যকর হইবে।



রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ মোশাররফ হোসেন ভুইয়া, এনডিসি
সিনিয়র সচিব।